# আজ জুলাই আন্দোলনের শহীদ আবু সাঈদ হত্যা মামলার রায়



শহীদ আবু সাইদ। ছবি: সংগৃহীত

জুলাই আন্দোলনের প্রথম শহীদ আবু সাঈদ হত্যা মামলার আলোচিত রায় আজ ঘোষণা করা হবে। এই মামলায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসিসহ ৩০ জনের বিরুদ্ধে সিদ্ধান্ত আসছে।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ রায় ঘোষণা করা হবে। অভিযুক্তদের মধ্যে ৬ জন গ্রেফতার অবস্থায় আদালতে উপস্থিত আছেন, আর বাকি ২৪ জন পলাতক।

রাষ্ট্রপক্ষ বলছে, সাক্ষ্য ও দালিলিক প্রমাণের ভিত্তিতে অভিযোগ প্রমাণ করা সম্ভব হয়েছে। অন্যদিকে আসামিপক্ষ তাদের নির্দোষ দাবি করে খালাস প্রার্থনা করেছে।

গত বছরের ২৪ জুন তদন্ত প্রতিবেদন জমা দেওয়া হয়। পরে ৬ আগস্ট অভিযোগ গঠন এবং ২৭ আগস্ট থেকে বিচার শুরু হয়। এ মামলায় তদন্ত কর্মকর্তাসহ মোট ২৫ জন সাক্ষ্য দিয়েছেন।

LENS ASIA